# মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ৯৭৪

২১. জিহাদ সম্পর্কিত অধ্যায় (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১০. নফল হিসাবে কোন সৈনিককে অস্ত্রশস্ত্র প্রদান করা

## بَاب مَا جَاءَ فِي السَّلَبِ فِي النَّفَلِ

আরবী

وَحَدَّثَنِي مَالِك عَنْ ابْنِ شِهَابٍ عَنْ الْقَاسِمِ بْنِ مُحَمَّدٍ أَنَّهُ قَالَ سَمِعْتُ رَجُلًا يَسْأَلُ عَبْدَ اللَّهِ بْنَ عَبَّاسٍ عَنْ الْأَنْفَالِ فَقَالَ ابْنُ عَبَّاسٍ الْفَرَسُ مِنْ النَّفَلِ وَالسَّلَبُ مِنْ النَّفَلِ قَالَ ثُمَّ عَادَ الرَّجُلُ لِمَسْأَلَتِهِ فَقَالَ ابْنُ عَبَّاسٍ ذَلِكَ أَيْضًا ثُمَّ قَالَ الرَّجُلُ الْأَنْفَالُ الَّتِي قَالَ اللَّهُ فِي كِتَابِهِ مَا هِيَ قَالَ الْقَاسِمُ فَلَمْ يَزَلْ يَسْأَلُهُ حَتَّى كَادَ أَنْ يُحْرِجَهُ ثُمَّ قَالَ ابْنُ عَبَّاسٍ أَتَدْرُونَ مَا مَثَلُ هَذَا مَثَلُ صَبِيغٍ الَّذِي ضَرَبَهُ عُمَرُ بْنُ الْخَطَّابِ
قَالَ وَسُئِلَ مَالِك عَمَّنْ قَتَلَ قَتِيلًا مِنْ الْعَدُوِّ أَيَكُونُ لَهُ سَلَبُهُ بِغَيْرِ إِذْنِ الْإِمَامِ قَالَ لَا يَكُونُ ذَلِكَ لِأَحَدٍ بِغَيْرِ إِذْنِ الْإِمَامِ وَلَا يَكُونُ ذَلِكَ مِنْ الْإِمَامِ إِلَّا عَلَى وَجْهِ الِاجْتِهَادِ وَلَمْ يَبْلُغْنِي أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَنْ قَتَلَ قَتِيلًا فَلَهُ سَلَبُهُ إِلَّا يَوْمَ حُنَيْنٍ

বাংলা

রেওয়ায়ত ১৯. কাশিম ইবন মুহাম্মদ (রহঃ) বলেন, আবদুল্লাহ ইবন আব্বাস (রাঃ)-এর নিকট আনফাল সম্পর্কে জিজ্ঞাসা করিতে এক ব্যক্তিকে শুনিয়াছিলাম। ইবন আব্বাস (রাঃ) তখন উত্তরে বলিয়াছিলেন, ঘোড়া এবং অস্ত্রশস্ত্র আনফালের মধ্যে শামিল। ঐ ব্যক্তি ঐ প্রশ্নের পুনরাবৃত্তি করিলে ইবন আব্বাস (রাঃ) পুনরায় ঐ উত্তর প্রদান করেন। তখন ঐ ব্যক্তি বলিল, কুরআনুল করীমে যে আনফালের আলোচনা করা হইয়াছে, সেই আনফাল সম্পর্কে আপনার নিকট জানিতে চাহিতেছি। কাশিম (রহঃ) বলেনঃ ঐ ব্যক্তি বার বার একই কথা বলিতে লাগিল। শেষে ইবন আব্বাস (রাঃ) বিরক্ত হইয়া বলিলেনঃ এই ব্যক্তি সবীগের মতো যাহাকে উমর ইবন খাত্তাব (রাঃ) বেত্রদণ্ড দিয়াছিলেন।[1]

মালিক (রহঃ)-কে জিজ্ঞাসা করা হইয়াছিল, মুসলিমদের কোন শত্রুকে হত্যা করিতে পারিলে মুসলিম রাষ্ট্রনায়কের অনুমতি ব্যতিরেকে তাহার আসবাবপত্র নিহতকারী পাইতে পারে কি? তিনি বলিলেনঃ না। ইমাম বা রাষ্ট্রপ্রধান মুনাসিব মনে করিলে এই ধরনের হুকুম জারি করিতে পারেন।হুনায়ন যুদ্ধ ব্যতীত অন্য কোন যুদ্ধে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঐ ধরনের নির্দেশ দিয়াছেন বলিয়া আমরা জ্ঞাত হই নাই।

## English

Yahya related to me from Malik from Ibn Shihab that al-Qasim ibn Muhammad said that he had heard a man asking ibn Abbas about booty. Ibn Abbas said, "Horses are part of the booty and personal effects are as well."

Then the man repeated his question, and Ibn Abbas repeated his answer. Then the man said, "What are the spoils which He, the Blessed, the Exalted, mentioned in His Book?" He kept on asking until Ibn Abbas was on the verge of being annoyed, then Ibn Abbas said, "Do you know who this man is like? Ibn Sabigh, who was beaten by Umar ibn al-Khattab because he was notorious for asking foolish questions."

Yahya said that Malik was asked whether someone who killed one of the enemy could keep the man's effects without the permission of the Imam. He said, "No one can do that without the permission of the Imam. Only the Imam can make ijtihad. I have not heard that the Messenger of Allah, may Allah bless him and grant him peace, ever said, 'Whoever kills someone can have his effects,' on any other day than the day of Hunayn."

ফুটনোট

[1] ইরাকের বাসিন্দা এক ব্যক্তি উমর (রাঃ)-এর আমলে মদীনায় আসিয়া আল-কুরআনের মুতাশাবাহ আয়াতসমূহ নিয়া নানা ধরনের উদ্ভট আলোচনার অবতারণা করিয়া দেয়। উমর (রাঃ) তখন তাহাকে বেত্রদণ্ড দেন এবং তাহার নিকট যাইতে নিষেধাজ্ঞা জারি করেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ কাসিম বিন মুহাম্মাদ (রহঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=73870

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন